

বাংলাদেশ

ডাকসু নির্বাচন

মনোনয়নপত্র সংগ্রহের আর এক দিন বাকি, মনোনয়নপত্র নিয়েছেন ১২৪ জন

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১৭ আগস্ট ২০২৫, ২১: ৩৬



ডাকসু নির্বাচন নিয়ে ব্রিফিং করছেন চিফ রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিন। ঢাকা, ১৭ আগস্ট ছবি: প্রথম আলো

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে মনোনয়নপত্র সংগ্রহের সময় আর মাত্র এক দিন বাকি। এখন পর্যন্ত মনোনয়নপত্র সংগ্রহ করেছেন ১২৪ জন। এর মধ্যে আজ নিয়েছেন ৬৩ জন।

আজ রোববার বিকেলে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের তৃতীয় তলায় ডাকসু নির্বাচনের চিফ রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিন এক ব্রিফিংয়ে এসব তথ্য জানান।

অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিন বলেন, আজ সহসভাপতি (ভিপি) পদে ৪ জন, সাধারণ সম্পাদক (জিএস) পদে ১ জন, সহসাধারণ সম্পাদক (এজিএস) পদে ৩ জন, ১২টি সম্পাদক পদে ২৩ জন এবং ৩২ জন সদস্য পদে মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। বিকেল চারটা পর্যন্ত ১২টি হল সংসদে মনোনয়নপত্র নিয়েছেন ১০৮ জন।

চিফ রিটার্নিং কর্মকর্তা আরও বলেন, ১২ আগস্ট থেকে এখন পর্যন্ত ডাকসুতে বিভিন্ন পদে মনোনয়নপত্র সংগ্রহ করেছেন ১২৪ জন। ভিপি পদে ১৮ জন, জিএস পদে ২ জন, এজিএস পদে ৫ জন, সম্পাদক পদে ৪৪ জন এবং সদস্য পদে ৫৫ জন মনোনয়নপত্র নিয়েছেন। জমা দিয়েছেন ৩৮ জন।

বিকеле চিফ রিটার্নিং কর্মকর্তার অফিসে গিয়ে দেখা যায়, প্রার্থীরা সশরীরে এসে মনোনয়নপত্র সংগ্রহ করছেন। অনেকেই পরে জমা দেবেন বলে জানিয়েছেন। আবার কেউ কেউ সেখানেই ফরম পূরণ করে জমা দিচ্ছেন।

নারীদের ভোটকেন্দ্র পরিবর্তনের বিষয়ে অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিন বলেন, ‘ভোটকেন্দ্র পরিবর্তনের বিষয়ে শিক্ষার্থীরা দাবি জানিয়েছে। সুষ্ঠুভাবে ভোট গ্রহণ সম্পন্ন করতে আমরা আন্তরিক। আজ এ বিষয়ে সভা করে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।’

শিক্ষার্থীদের পক্ষ থেকে মনোনয়নপত্র সংগ্রহের সময় বাড়ানোর দাবি জানানো হচ্ছে। এ বিষয়ে চিফ রিটার্নিং কর্মকর্তা বলেন, ‘আমরা এখন পর্যন্ত সময় বাড়ানোর বিষয়ে ভাবছি না। আগামীকাল এখনো সময় আছে। আশা করি শিক্ষার্থীরা এই সময়ের মধ্যেই মনোনয়নপত্র সংগ্রহ করবে।’

ডাকসুর তফসিল অনুযায়ী, ১২ থেকে ১৮ আগস্ট পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত মনোনয়নপত্র সংগ্রহ করা যাবে। মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৯ আগস্ট বেলা তিনটা। যাচাই-বাছাই শেষে ২১ আগস্ট বেলা একটায় চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। প্রতিটি মনোনয়ন ফরমের ফি নির্ধারণ করা হয়েছে ৩০০ টাকা। ডাকসু নির্বাচন ৯ সেপ্টেম্বর।

ইতিমধ্যে ডাকসু এবং হল সংসদ নির্বাচনের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। খসড়া ভোটার তালিকা থেকে চূড়ান্ত ভোটার তালিকায় বাদ পড়েছেন ১৫৭ জন। চূড়ান্ত তালিকায় মোট ভোটার ৩৯ হাজার ৭৭৫ জন। এর মধ্যে ছাত্র ভোটার ২০ হাজার ৮৭১ জন ও ছাত্রী ভোটার ১৮ হাজার ৯০২ জন।

ডাকসু ও হল সংসদের ঘোষিত তফসিল অনুযায়ী, ১৮ আগস্ট মনোনয়নপত্র সংগ্রহের শেষ দিন হলেও এখন পর্যন্ত ছাত্রদল, ছাত্রশিবির, গণতান্ত্রিক ছাত্রসংসদ, বাম গণতান্ত্রিক ছাত্র জোট, ইসলামী ছাত্র আন্দোলন ও ছাত্র অধিকার পরিষদের নেতারা মনোনয়নপত্র সংগ্রহ করেননি। এখন পর্যন্ত ইসলামী ছাত্র আন্দোলন ছাড়া কোনো সংগঠনই প্যানেলও ঘোষণা করেনি।

ছাত্রসংগঠনের সূত্রগুলো বলছে, ডাকসু নির্বাচনের প্রার্থী ঠিক করতে এখনো আলোচনা চালিয়ে যাচ্ছেন তাঁরা। কোন প্যানেল থেকে কারা প্রার্থী হচ্ছেন, সেসব নিয়ে নানা সমীকরণ তৈরি হয়েছে। ফলে কৌশলগত কারণে এখনই মনোনয়নপত্র সংগ্রহ করে প্রার্থী প্রকাশ করতে চাচ্ছেন না তাঁরা। তবে সময় শেষ হওয়ার আগেই মনোনয়নপত্র নেবেন বলে জানিয়েছেন তাঁরা।

